গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০১৪.১৮.০০৪.২১-৬২ তারিখ :২৯/০৪/২০২৬ খ্রি.।

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ 'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে সাহায্যের জন্য আবেদনপত্র আহ্বান।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে অসহায়, অসুস্থ, অনাথ, আর্থিক দুর্দশাগ্রস্থ, এসিড আক্রান্ত, মেধাবী ছাত্র ছাত্রীদের শিক্ষার জন্য এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ মহিলা ও শিশুদের এককালীন আর্থিক সাহায্য প্রদান করা হয়। এ তহবিল হতে অনুদান প্রত্যাশী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

০২। উল্লেখ্য যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট dwa.gov.bd-তে আবেদনপত্র ও শর্তাবলী পাওয়া যাবে। তবে জেলায় বসবাসকারী সংশ্লিষ্ট জেলার উপপরিচালককে কার্যালয়/উপজেলায় বসবাসকারী সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে এতদসংক্রান্ত আবেদনপত্রের ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে। তহবিল হতে অনুদান প্রত্যাশী নিজে অথবা তাঁর মনোনীত অভিভাবক আবেদনপত্র সংগ্রহ ও দাখিল করতে পারবেন।

০৩। এমতাবস্থায়, তহবিল হতে অনুদান প্রত্যাশীদের নির্ধারিত ফরম ও শর্তাবলী পুরণ করে সংশ্লিষ্ট জেলা/উপজেলা কার্যালয়ে আগামী ২০/০৫/২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট উপপরিচালক কার্যালয় থেকে কার্যবিবরণী, যাচাই বাছাইকৃত আবেদনপত্রসমূহ আগামী ১৫/০৬/২০২৬ তারিখের মধ্যে উপকমিটি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে:-০২ পাতা।

২৯।৪।২০২৬
(শবনম শিরিন)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সদস্য সচিব (উপকমিটি)
'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল'
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
------------জেলা (সকল)।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ:

১। জেলা প্রশাসক (সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৩। উপপরিচালক (সকল জেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর (তাঁর জেলাধীন সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সহকারী পরিচালক/ওয়েব সাইট কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা- তাঁকে পত্র, শর্তাবলী এবং আবেদন ফরমসহ ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অতিরিক্ত পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

CamScanner

সংযুক্তি-০১

**'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' থেকে আর্থিক সাহায্য প্রাপ্তীর শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):**

১। আবেদনকারী অথবা তাদের পক্ষে মনোনীত অভিভাবকগণকে স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর /চেয়ারম্যান/ইউপি মেম্বার/মেয়র/ওয়ার্ড কাউন্সিলর এর সুপারিশসহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে স্ব-স্ব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে;

২। সিটি কর্পোরেশন বা জেলা/সদর উপজেলার আবেদনকারীগণকে জেলা সদরে অবস্থিত উপপরিচালকের কার্যালয়ে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে;

৩। আবেদনকারীকে আবেদনের স্বপক্ষে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে;

(ক) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি;
(খ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি;
(গ) চিকিৎসার ক্ষেত্রে ডাক্তারের ব্যবস্থাপত্র;
(ঘ) আইনগত সহায়তার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে;
(ঙ) শিক্ষার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং পিতা মাতার বাৎসরিক আয়ের প্রত্যয়ন (মেয়র/১ম শ্রেণির কর্মকর্তা/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/মেম্বার কর্তৃক প্রদত্ত);

৪। জেলা কমিটি আবেদনপত্র সংগ্রহের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন (জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে নোটিশটি প্রচার করবেন);

৫। জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদন পত্রের ফটোকপি উপপরিচালকের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে;

৬। 'বোর্ড অব ট্রাস্টি' সভায় মঞ্জুরকৃত/অনুমোদনকৃত অর্থ ক্রসড চেকের মাধ্যমে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করা হবে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর অনুদানের অর্থ বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরত: তহবিলের বোর্ড অব ট্রাস্টির সদস্য সচিবকে অবহিত করবেন;

২১/০৪/২০২৫

ছামিনা হাফিজ
সহকারী পরিচালক
(দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

CamScanner

সংযুক্তি-০২

**'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে আর্থিক সাহায্যের জন্য আবেদন ফরম/ছক**

পাসপোর্ট সাইজ ছবি ২ কপি

বরাবর,

............................

..............................

১। আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে): ..........................

২। মাতার নাম : ..........................

৩। পিতার নাম : ..........................

৪। স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে): ..........................

৫। বর্তমান ঠিকানা : ......... ...........................................................

৬। স্থায়ী ঠিকানা ...................................................................................

৭। জন্মনিবন্ধন নম্বর (শিশুদের ক্ষেত্রে):

৮। জাতীয় পরিচয় পত্র নম্বর (আবেদনকারীর এবং শিশুর ক্ষেত্রে মা/আইনসংগত অভিভাবকের):

৯। বয়স : ..........................

১০। পেশা : ..........................

১১। যোগাযোগের জন্য মোবাইল নম্বর : ..........................

১২। ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে) : ..........................

১৩। আর্থিক অবস্থার বিবরণ : ..........................

১৪। সাহায্য চাওয়ার কারণ (কারণের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করতে হবে): ..........................

১৫। প্রার্থিত সাহায্যের পরিমাণ : ..........................

১৬। (ক) কোন সরকারি সাহায্য পায় কি-না (বিধবা ভাতা/বয়স্ক ভাতা/মাতৃত্বকাল ভাতা/ল্যাকটেটিং মাদার সহায়তা/ভিজিডি সহায়তা/ উপবৃত্তি/অন্য কোন সরকারি ভাতা) : ..........................

(খ) হ্যাঁ হলে,

i. সাহায্য/ভাতার নাম :

ii. মাসিক সাহায্য/ভাতার পরিমাণ :

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

১৬। সুপারিশকারীর মন্তব্য (স্বাক্ষর ও সীলসহ) :

[illegible]
সহকারী পরিচালক
(দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।